



পঞ্চগড় : মকবুলার রহমান সরকারী কলেজ

-ইত্তেফাক

পঞ্চগড় মকবুলার রহমান সরকারী কলেজে শিক্ষকের অভাবে লেখাপড়া ব্যাহত

পঞ্চগড় সংবাদপাতা ॥ জেলার ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান মকবুলার রহমান সরকারী কলেজ বর্তমানের নানান দুর্ভাগ্যের সম্মুখীন। বিশেষত শিক্ষক সরঞ্জামের দরুন কলেজে লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।

১৯৬৫ সালের ১লা জুলাই বিশিষ্ট শিক্ষানুরাগী, নবাব পরিবারের সদস্য মকবুলার রহমান কলেজটি প্রতিষ্ঠাতা করেন। প্রতিষ্ঠালগ্ন থেকে কলেজটিতে এইচএসসি এবং স্নাতক (পাগ) নিয়ে যাত্রা করলেও পরবর্তীতে বাংলা, ইংরেজী, ইতিহাস, ম্যানেজমেন্ট ও হিসাব বিজ্ঞান এই ৫টি বিষয়ে সম্মান প্রার্থী বোলা হয়। কলেজসূত্রে জানা যায়, কলেজে অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ পদ বাদ দিয়ে শিক্ষকের পদ ৩৬টি। যার মধ্যে বর্তমানে কর্মরত রয়েছেন মাত্র ১৬ জন। ইংরেজী ও প্রাণী বিজ্ঞান বিভাগে কোন শিক্ষক নেই।

এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয় গঠন করার সময় (১৯৯২ ইং) ধলা হয়েছিল, যেসব কলেজে অনার্স রয়েছে সেসব বিভাগে কমপক্ষে ৭জন শিক্ষক থাকতে হবে। অর্থাৎ মকবুলার রহমান সরকারী কলেজে ৫টি বিষয়ে অনার্স থাকলেও ৫টি বিষয়ে বর্তমানে কর্মরত শিক্ষকের

সংখ্যা ৫জন। ইংরেজী বিষয়ের কোন শিক্ষক নেই।

এছাড়া কলেজটিতে লাইব্রেরী-রুমের কোন পদ নেই।

এ ব্যাপারে কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল হাকিম জানান, শিক্ষকের শূন্য পদগুলো পূরণ করার জন্য সংশ্লিষ্ট দপ্তরে প্রতিবেদন পাঠানো হয়েছে। কিন্তু এখনো পদগুলো পূরণ করা হয়নি। শিক্ষক আসেননি। ফলে স্বল্পসংখ্যক শিক্ষক দিয়ে কলেজের অন্যান্য নর্দেহ ছাত্র-ছাত্রীদের পাঠদান করা সম্ভব হচ্ছে না। অন্যদিকে সম্মান প্রার্থীর ছাত্র-ছাত্রীদের বাধ্য হয়ে সিলেবাস অসমাপ্ত রেখে ফাইনাল পরীক্ষায় অংশ নিতে হচ্ছে।